দামুড়হুদায় মাংসের বাজারে মূল্য তালিকা না টাঙানোয় দুই বিক্রেতাকে জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মাংসের বাজারে মূল্য তালিকা না টাঙানোর অপরাধে দুই মাংস বিক্রেতাকে ৪ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টার দিকে কার্পাসডাঙ্গা মাংসের বাজারে এ অভিযান পরিচালনা করা হয়।

জরিমানাপ্রাপ্তরা হলেন কার্পাসডাঙ্গা গ্রামের মৃত আজগর আলীর ছেলে আক্তার (৩৭) ও আরামডাঙ্গা গ্রামের ফকির মোহাম্মদের ছেলে আনারুল (৪২)। দোকানে প্রকাশ্য স্থানে মাংসের মূল্য তালিকা প্রদর্শন না করায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৯ ধারা অনুযায়ী তাদের প্রত্যেককে ২ হাজার টাকা করে মোট ৪ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম। এ সময় ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, স্যানিটারি ইন্সপেক্টর নিয়ামত আলীসহ উপজেলা প্রশাসনের কর্মচারীরা।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম জানান, বাজার মনিটরিং ও ভোক্তা অধিকার নিশ্চিত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে এক সপ্তাহে নিত্য প্রয়োজনীয় পণ্যের মূল্য

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]